দৈনিক ইনকিলাব

AUG 28 2002

# ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে সিনিয়র মন্ত্রীদের সাথে প্রধানমন্ত্রীর বৈঠক

ইনকিলাব রিপোর্ট ঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে গতকাল শনিবার সিনিয়র মন্ত্রীদের সাথে বৈঠক করেছেন। বেলা আড়াইটার দিকে প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে ক্যাম্পাসের সর্বশেষ পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হয়।

বৈঠক সূত্রে জানা গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন্নাহার হলে সংঘটিত ঘটনার প্রেক্ষিতে গঠিত বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্ট পাওয়ার পর সরকার দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে। একই সাথে ক্যাম্পাসে কোন

৪-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রীর বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

অবস্থাতেই যাতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে সে ব্যাপারে সতর্ক থাকার উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।

প্রধানমন্ত্রীর সাথে অনুষ্ঠিত এ বৈঠকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া, বস্ত্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন এবং শিল্পমন্ত্রী এম কে আনোয়ার উপস্থিত ছিলেন। বৈঠকে শামসুন্নাহার হলের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের ভূমিকা, হলের তখনকার প্রভোস্টের আচরণ, পুলিশের ভূমিকা এবং ছাত্র সংগঠনগুলোর গত কিছুদিনের কার্যক্রম নিয়ে আলোচনা হয়। সরকার এখন বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্টের অপেক্ষায় আছে। শামসুন্নাহার হলের ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটি এবং পুলিশ প্রশাসন কর্তৃক গঠিত তদন্ত কমিটির দু'টি রিপোর্ট পাওয়া গেলে সরকার সেগুলোও পর্যালোচনা করবে। বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্টে ঐদিনের ঘটনায় যাদের দায়ী করা হবে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। মধ্যরাতে ছাত্রী হলে পুলিশী অভিযানের ঘটনায় প্রধানমন্ত্রী ভীষণ ক্ষুব্ধ। শিক্ষাঙ্গনে শান্তিপূর্ণ পরিবেশ প্রতিষ্ঠার জন্য সরকার যখন বিভিন্নমুখী পদক্ষেপ নিতে যাচ্ছে তখন এই ঘটনা সরকারকে এক বিব্রতকর অবস্থার মধ্যে ফেলে দিয়েছে। সরকারের ভাবমূর্তি ক্ষুণ্নকারী এই ঘটনাটি স্যাবোটাজ কিনা সরকার তাও খতিয়ে দেখছে।

প্রধানমন্ত্রীর সাথে সিনিয়র মন্ত্রীদের এ বৈঠকে বুয়েট প্রসঙ্গেও আলোচনা হয়। আগামী ৩ আগস্ট বুয়েট খুলতে যাচ্ছে। কেউ যাতে ষড়যন্ত্রমূলকভাবে সেখানে কিছু করতে না পারে সে ব্যাপারেও সতর্ক থাকার জন্য বৈঠকে বলা হয়েছে।